**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ২৪ ফেব্রুয়ারি ২০১৬, ১২ ফাল্গুন ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। কৃষির উন্নয়নের ওপরই আমাদের সার্বিক উন্নয়ন নির্ভরশীল
: বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সপ্তম সমার্বতন অনুষ্ঠানে রাষ্ট্রপতি

২। বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের সম্মাননা দেবে ভারত
: প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতের বিমান বাহিনী প্রধানের সাক্ষাৎ

৩। বেসিক ব্যাংকের কেলেঙ্কারিতে ২৭ কর্মকর্তা জড়িত : অর্থমন্ত্রী

৪। বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী পোল্যান্ড : বাণিজ্যমন্ত্রী

৫। জাতীয় সংসদে ইনফ্রাস্ট্রাকচার ব্যাংক ২০১৬ আইন পাস

৬। বিমানবন্দর থেকে ডিইপিজেড পর্যন্ত উড়ালসড়ক হবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৭। বাংলাদেশ ও সুইডেনের মধ্যে উন্নয়ন সহযোগিতা চুক্তি স্বাক্ষর
: পাঁচ বছরে দেড় হাজার কোটি টাকা অনুদান দেবে সুইডেন

৮। বাংলাদেশ ব্যাংকের ই-লাইব্রেরির উদ্বোধন

৯। ২৫ ইউনিয়ন পরিষদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় আ'লীগ প্রার্থী

১০। পোশাক খাতে কমপ্লায়েন্সে আরও উন্নতি দেখতে চায় জার্মানি

১১। বাংলাদেশ-ভারত ম্যাচ দিয়ে টি ২০ এশিয়া কাপ আজ শুরু।

১২। মুনাফা করা কঠিন, তবে বিনিয়োগের জন্য আকর্ষণীয় বাংলাদেশ : জেট্রোর জরিপ

**১। কৃষির উন্নয়নের ওপরই আমাদের সার্বিক উন্নয়ন নির্ভরশীল**
**: বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সপ্তম সমার্বতন অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, কৃষির উন্নয়নের ওপরই আমাদের সার্বিক উন্নয়ন নির্ভরশীল। টেকসই উন্নয়ন নিশ্চিত করতে হলে কৃষি ও কৃষকের উন্নয়নের বিকল্প নেই। দীর্ঘমেয়াদি উন্নয়ন যুদ্ধে জয়লাভের জন্য কৃষি ও কৃষকের উন্নয়ন অপরিহার্য। গতকাল ২৩ ফেব্রুয়ারি মঙ্গলবার শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সপ্তম সমাবর্তন অনুষ্ঠানে বাকৃবি চ্যান্সেলরের ভাষণে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ,ক.২), **জনকন্ঠ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

**২। বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের সম্মাননা দেবে ভারত**

**: প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতের বিমান বাহিনী প্রধানের সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সঙ্গে তার কার্যালয়ে সফররত ভারতের বিমানবাহিনী প্রধান মার্শাল অরূপ রাহা এবং তার স্ত্রী লিলি রাহা সাক্ষাৎ করেছেন। গতকাল ২৩ ফেব্রুয়ারি মঙ্গলবার সাক্ষাৎকালে তাদের মধ্যে অর্থনীতি,যোগাযোগএবং দুই দেশের বিমানবাহিনীসহ বিভিন্ন পারস্পরিক স্বার্থ ও সহযোগিতার বিষয় নিয়ে আলোচনা হয়। সাক্ষাৎকালে ভারতীয় বিমানবাহিনী প্রধান বলেন, **১৯৭১** সালে বীরত্বপূর্ণ অবদানের জন্য ভারতীয় বীর যোদ্ধাদের বাংলাদেশ যে অভ্যর্থনা ও সম্মাননা জানিয়েছেন এতে তারা অত্যন্ত খুশি। বাংলাদেশি যোদ্ধাদেরও ভারত সম্মাননা জানাবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **জনকন্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪) **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭)।

**৩। বেসিক ব্যাংকের কেলেঙ্কারিতে ২৭ কর্মকর্তা জড়িত : অর্থমন্ত্রী**

রাষ্ট্রীয় মালিকানাধীন বেসিক ব্যাংকের ঋণ কেলেঙ্কারির সঙ্গে জড়িত ব্যক্তি ও প্রতিষ্ঠানগুলোর সম্পূর্ণ তালিকা জাতীয় সংসদে উপস্থাপন করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি জানিয়েছেন, বেসিক ব্যাংকের ঋণ কেলেঙ্কারির সঙ্গে প্রতিষ্ঠান টির ২৭ কর্মকর্তা জড়িত ছিলেন। এছাড়াও ৫৬টি প্রতিষ্ঠানও এই ঋণ কেলেঙ্কারির সঙ্গে যুক্ত ছিল। গতকাল ২৩ ফেব্রুয়ারি মঙ্গলবার জাতীয় সংসদের টেবিলে উত্থাপিত লিখিত প্রশ্নোত্তরে এ তথ্য জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সূত্র-**জনকন্ঠ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ,ক.১) **নিউ এজ** (পৃ.১ ক.৬) **নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৪। বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী পোল্যান্ড : বাণিজ্যমন্ত্রী**

পোল্যান্ড বাংলাদেশের কৃষি পণ্য সংরক্ষণ, ফুড প্রসেসিং ইন্ডাস্ট্রি ও কয়লা খাত উন্নয়নে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, পোল্যান্ডের বাজারে বাংলাদেশের পণ্য রপ্তানি বাড়ছে। পোল্যান্ডের সঙ্গে দ্বিপক্ষীয় বাণিজ্য চুক্তির প্রক্রিয়া চলছে। এর ফলে পোল্যান্ডে বাংলাদেশের তৈরি পণ্যের রপ্তানি আরও বাড়বে। গতকাল ২৩ ফেব্রুয়ারি মঙ্গলবার সচিবালয়ে বাংলাদেশে সফররত পোল্যান্ডের ইকোনমিক ডেভেলপমেন্ট বিষয়ক ডেপুটি মিনিস্টার রাডোস্ত ডোমাগালসকি লাবেডিজকির

নেতৃত্বে প্রতিনিধি দলের সঙ্গে মতবিনিময় শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬) **ডেইলি সান** (পৃ.৩ ক.২)।

**৫। জাতীয় সংসদে ইনফ্রাস্ট্রাকচার ব্যাংক ২০১৬ আইন পাস**

অবকাঠামো এবং অন্যান্য উৎপাদনশীল খাতে বিনিয়োগের মাধ্যমে এশিয়ার টেকসই উন্নয়ন সম্পদ সৃষ্টি এবং যোগাযোগ অবকাঠামো উন্নয়নে উৎসাহিত করার লক্ষ্যে প্রতিষ্ঠিত হতে যাওয়া এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংকের অংশীদার হতে গতকাল ২৩ ফেব্রুয়ারি মঙ্গলবার জাতীয় সংসদে একটি বিল পাস করা হয়েছে। অর্থ প্রতিমন্ত্রী এম এ মান্নান এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক আইন ২০১৬' নামের বিলটি পাসের প্রস্তাব উত্থাপন করলে না কন্ঠভোটে পাস হয়। সূত্র-**জনকন্ঠ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.৪,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩ ক.৬)।

**৬। বিমানবন্দর থেকে ডিইপিজেড পর্যন্ত উড়ালসড়ক হবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

রাজধানীর শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আবদুল্লাহপুর ও বাইপাইল হয়ে ঢাকা রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা পর্যন্ত ৪২ কিলোমিটার দীর্ঘ উড়ালসড়ক নির্মাণ করা হবে। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ২৩ ফেব্রুয়ারি মঙ্গলবার ঢাকার আশুলিয়ায় বাইপাইল-আবদুল্লাহরপুর সড়কের সংস্কার কাজ পরিদর্শনে এসে এ তথ্য জানান। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.৮), **সমকাল** (পৃ.৫,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩ ক.২)। **=৩=**

**৭। বাংলাদেশ ও সুইডেনের মধ্যে উন্নয়ন সহযোগিতা চুক্তি স্বাক্ষর**

**: পাঁচ বছরে দেড় হাজার কোটি টাকা অনুদান দেবে সুইডেন**

আগামী ছয় বছরে বাংলাদেশকে ১ হাজার ৪০৮ কোটি টাকা অনুদান দেবে সুইডেন। এ বিষয়ে বাংলাদেশ ও সুইডেনের মধ্যে উন্নয়ন সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গতকাল ২৩ ফেব্রুয়ারি মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে এ চুক্তিতে স্বাক্ষর করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়য় সচিব মোহাম্মদ মেজবাহউদ্দিন ও বাংলাদেশে নিযুক্ত সইডেনের রাষ্ট্রদূত জোহার ফ্রাইসেল। সূত্র-**যুগান্তর** (পৃ.১৫,ক.১), **জনকন্ঠ** (পৃ.১,ক.৪), **অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৮। বাংলাদেশ ব্যাংকের ই-লাইব্রেরির উদ্বোধন**

সবধরণের আধুনিক প্রযুক্তির সুবিধাসহ উদ্বোধন হল বাংলাদেশ ব্যাংকের ই-লাইব্রেরি। এ লাইব্রেরিতে সাত হাজার ই-বুক, ২৫ হাজার ই-জার্নাল, এক হাজার সিডি ও ডিভিডি রয়েছে। সব মিলিয়ে ৫৬ হাজার বই ও জার্নাল রয়েছে। এতে রয়েছে ওয়াই-ফাই সুবিধা। বিদেশিদের জন্য রয়েছে আলাদা বসার ব্যবস্থা। গ্রুপ আলোচনা ও ডিসকাশনের জন্য ব্যবস্থা করা হয়েছে। ছোট রুমের লাইব্রেরিটি সবার জন্য উন্মুক্ত। গতকাল ২৩ ফেব্রুয়ারি মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকে এক অনুষ্ঠানের মাধ্যমে ই-লাইব্রেরির উদ্বোধন করেন কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৮), **সংবাদ** (পৃ.১৪,ক.৩), **জনকন্ঠ** (পৃ.১৮,ক.৬), **নিউ নেশন**

**বিজনেস পাতা** (পৃ.১,ক.৪)।

**৯। ২৫ ইউনিয়ন পরিষদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় আওয়ামী লীগ প্রার্থী**

প্রথম ধাপে ৭৩৯ ইউনিয়ন পরিষদ নির্বাচনের চেয়ারম্যানে পদে বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হতে যাচ্ছেন ২৫ জন। তারা সবাই আওয়ামী লীগের প্রার্থী। আর ৭০টি ইউনিয়নে প্রার্থী নেই বিএনপির। ১৬টি রাজনৈতিক দলের প্রার্থীসহ সর্বমোট ৩৫৬৮ জন চেয়ারম্যান প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। দাখিলকৃত মনোনয়নপত্র দেখে এসব তথ্য জানায় ইসি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২) **প্রথম আলো, ইত্তেফাক, যায়যায়দিন, যুগান্তর, জনকণ্ঠ, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১০। পোশাক খাতে কমপ্লায়েন্সে আরও উন্নতি দেখতে চায় জার্মানি**

কম দামের পণ্য হিসেবে বাংলাদেশের পোশাক বিশ্বজুড়ে জনপ্রিয়। তবে জার্মানিতে অত্যন্ত উঁচু মানের পোশাক এদেশ থেকে যায় বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত দেশটির রাষ্ট্রদূত ড. থমাস প্রিঞ্জ। তিনি বলেন, রানা প্লাজা ধসের পর বেশিরভাগের মধ্যে নেতিবাচক মনোভাব থাকলেও অনেকেই জানেন না, এখানে অসংখ্য গ্রিন কারখানা রয়েছে। তবে কমপ্লায়েন্সের শর্ত প্রতিপালনে এখাতে আরও উন্নয়ন দেখতে চায় তার দেশ। বিজিএমইএ আয়োজিত এক সংবাদ সম্মেলনে গতকাল ২৩ ফেব্রুয়ারি মঙ্গলবার এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **যুগান্তর** (পৃ.১৫,ক.২) **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.৫)।

**১১। বাংলাদেশ-ভারত ম্যাচ দিয়ে টি ২০ এশিয়া কাপ আজ শুরু।**

স্বাগতিক বাংলাদেশ ও টি ২০ র‍্যাংকিংয়ের শীর্ষ দল ভারতের ম্যাচ দিয়ে আজ ২৪ ফেব্রুয়ারি বুধবার মিরপুরে শুরু হচ্ছে পাঁচ জাতির ১২ দিনের ক্রিকেটযজ্ঞ। পাঁচ বার করে চ্যাম্পিয়ান হওয়া ভারত ও শ্রীলংকার সঙ্গে দু'বারের শিরোপাজয়ী পাকিস্তান ও স্বাগতিক বাংলাদেশ এশিয়ার চার টেষ্ট খেলুড়ে দেশ যথারীতি আসরের মধ্যমণি। বাছাইপর্ব পেরিয়ে আসা সংযুক্ত আরব আমিরাত টুর্নামেন্টের পঞ্চম ও শেষ দল। প্রতিটি ম্যাচ শুরু হবে সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে। সব ম্যাচ মিরপুরে ফাইনাল ৬ মার্চ। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.২),

**প্রথম আলো** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**১২। মুনাফা করা কঠিন, তবে বিনিয়োগের জন্য আকর্ষণীয় বাংলাদেশ : জেট্রোর জরিপ**

জাপানি কোম্পানিগুলোর জন্য চীন, ফিলিপাইন ও পাকিস্তানের চেয়ে বাংলাদেশে মুনাফা করা বেশ কষ্টসাধ্য কাজ। তা সত্ত্বেও জাপানি বিনিয়োগের জন্য বাংলাদেশকে বেশ আকর্ষণীয় দেশ হিসেবে চিহ্নিত করা হয়েছে। এর বড় কারণ হলো এখানে শ্রম সস্তা। আর পণ্যের উৎপাদন খরচ তো এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের যে কোনো দেশের চেয়ে কম। এমন তথ্য উঠে এসেছে জাপানের এক্সাটার্নাল ট্রেড

অর্গানাইজেশনের এক জরিপে জাপানি প্রতিষ্ঠানগুলোর বিনিয়োগের জন্য বাংলাদেশসহ এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোর ব্যবসায়িক পরিবেশের যাচাইয়ের জরিপটি করা হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৩,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫),

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলি বহিরাগত ছাত্রদের দখলের কারণে সাধারণ ছাত্ররা রুমের বাইরে মানবেতর ভাবে বসবাস করা, ক্যান্টিনে নিম্নমানের খাবার পরিবেশনসহ ছাত্ররা নানা সমস্যায় জর্জরিত উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **জনকণ্ঠ :** সরকারি হাসপাতালের সাথে সাথে বেসরকারি হাসতালে বিত্তহীনদের জন্য বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা রাখার আহ্বান।

গ. **সংবাদ :** একাধিক বেসরকারি ব্যাংকের এটিএম বুথে জালিয়াতি করার অভিযোগে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) এক বিদেশিসহ চারজনকে গ্রেফতার করার কথা উল্লেখ করে বাংলাদেশে অবস্থানরত যেসব বিদেশি নাগরিক নানা অপরাধ সংঘটিত করছে তাদের চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **সমকাল :** বাইসাইকেল রফতানিতে এক দশকে বাংলাদেশের অবস্থান নবম থেকে পঞ্চমে উঠে আসায় রফতানির সফলতায় স্বস্তি প্রকাশ করে উপযুক্ত প্রণোদণা ও সহযোগিতা পেলে দ্বিচক্রযানের এ শিল্প রফতানিতে শীর্ষ স্থান দখল করবে বলে আশা প্রকাশ।

ঙ. **ইনকিলাব :** বাংলা ভাষার মান ও মর্যাদা বৃদ্ধি, সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন এবং আমাদের প্রত্যাহিক জীবনে ভিন্ন ভাষা ও সংস্কৃতির আগ্রাসনের বিরুদ্ধে সবাইকে রুখে দাঁড়ানোর আহ্বান।

চ. **ডেইলি স্টার :** বাংলাদেশ থেকে সিরিয়ায় পাচারের শিক্ষায় নারীদের দুর্ভোগের বিষয় তুলে ধরে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অতি দ্রুত এসব নারীদের উদ্ধারের পদক্ষেপ নেওয়ার পাশাপাশি রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

ছ. **ডেইলি সান :** রাজধানীর বাইরের প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষামান তেমন মানসম্মত না হওয়ায় যথাযথ কর্তৃপক্ষের এ বিষয়ে সমস্যা সমাধানে সঠিক পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, নিউ এজ, নিউ নেশন, সংবাদ :** রাজধানীর বনানীতে রং সাইড দিয়ে আসা পুলিশের গাড়ির চাপায় ছাত্র নিহত হওয়ার পরিপ্রেক্ষিতে ট্রাফিক বিভাগকে দিয়ে গাড়ি চলাচল আইন কঠোরভাবে প্রয়োগ করাসহ দায়ি পুলিশের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা।

ঝ **ফিনানশিয়াল এক্সপ্রেস :** গার্মেন্টস খাতের অতিপ্রয়োজনীয় অংশ বেকওয়ার্ড লিংক এক্সেসরিজ উৎপাদনে

জড়িত স্থানীয় শিল্পগুলোর প্রবৃদ্ধি বাড়াতে নগদ প্রণোদনা দেওয়ার ব্যবস্থার শর্তগুলো আরও বিবেচনায় নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে শিক্ষকদের অর্থনৈতিক ও সামাজিক মর্যাদা বৃদ্ধি মেধাবীদের শিক্ষকতা পেশায় আসতে আগ্রহী  করে তুলবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'শুদ্ধ মনন গড়তে ভালো বইয়ের বিকল্প নেই'** শিরোনামের নিবন্ধে অরুণ কুমার বিশ্বাস সুষ্ঠু মনন গড়ার জন্য নিয়মিত সাহিত্য পাঠ করা প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা